গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিকল্পনা শাখা-৩
ওয়েবঃ www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০১৪.০১৪.০২.১০.১১৬.২০১২-৬৩০ তারিখ ঃ ০৫ জুন ২০১৪

বিষয় ঃ তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসুচি (পিইডিপি-৩)-এর আওতায় বিদ্যালয় মেরামত ও রক্ষনাবেক্ষণের লক্ষ্যে সংশোধিত বিদ্যালয় মেরামত ও সংস্কার নীতিমালা জারীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় বিদ্যালয় মেরামত ও রক্ষণাবেক্ষণ লক্ষ্যে ০৯/১২/২০১২ তারিখে জারীকৃত "পিইডিপি-৩ এর আওতায় প্রাথমিক বিদ্যালয় মেরামত ও সংস্কার নীতিমালা"-টির সংশোধন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদ্ সঙ্গে জারী করা হলো।

০২। একই সাথে গত ০৯/১২/২০১২ তারিখে জারীকৃত "পিইডিপি-৩ এর আওতায় প্রাথমিক বিদ্যালয় মেরামত ও সংস্কার নীতিমালা"-টি বাতিল করা হলো।

০৩। সংশোধিত নীতিমালাটি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকল কার্যালয়ে বিতরণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি ঃ সংশোধিত নীতিমালা (প্রতি পাতায় স্বাক্ষরিত)।

০৫/০৬/১৪
(মোঃ জালাল হাবিবুর রহমান)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৫০৮৫১
ই-মেইলঃ mopmeplan1@gmail.com

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি ঃ
(১) পরিচালক, উন্নয়ন ও পরিকল্পনা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
(২) সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিকল্পনা শাখা - ৩
ওয়েব: www.mopme.gov.bd

## পিইডিপি-৩ এর আওতায় প্রাথমিক বিদ্যালয় মেরামত ও সংস্কারের নীতিমালা (সংশোধিত)

পিইডিপি-৩ এর আওতায় প্রাথমিক বিদ্যালয়কে ব্যবহার উপযোগী, আকর্ষণীয় এবং প্রযোজ্য ক্ষেত্রে দুই শিফটের পরিবর্তে এক শিফটে রূপান্তরের লক্ষ্যে Need Based মেরামত ও সংস্কারের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ লক্ষ্যে সরকার নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করেছে:

**১। বিদ্যালয় নির্বাচন এবং অর্থ বরাদ্দ পদ্ধতি:**

(ক) বরাদ্দকৃত অর্থ সরকারী প্রাথমিক/রেজিষ্টার্ড (সাবেক কমিউনিটিসহ) বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কাজে সরকারের প্রচলিত আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে।

(খ) পিইডিপি-৩ এর নির্ধারিত বাজেট কোড থেকে চাহিদাভিত্তিক মেরামত বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

(গ) সংশ্লিষ্ট বিদ্যালয় ম্যানেজিং কমিটি বিদ্যালয়-মেরামতের সার্বিক প্রয়োজনীয়তা নিরূপণ করে সম্ভাব্য ব্যয়ের পরিমাণসহ উপজেলা শিক্ষা/থানা শিক্ষা কর্মকর্তার নিকট লিখিত প্রস্তাব প্রদান করবেন।

(ঘ) উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা ম্যানেজিং কমিটির নিকট হতে প্রাপ্ত সংস্কার / মেরামতযোগ্য বিদ্যালয়ের বিবরণ উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক একটি প্রাক্কলন উপজেলা শিক্ষা/মহানগর শিক্ষা কমিটিতে উপস্থাপন করবেন।

(ঙ) উপজেলা শিক্ষা কমিটি/মহানগর শিক্ষা কমিটি অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যালয় নির্বাচন করবে এবং দ্বৈততা পরিহার করে প্রয়োজন অনুযায়ী একটি বিদ্যালয়ের জন্য সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকার প্রাক্কলন করতে পারবে। উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা নির্বাচিত বিদ্যালয়ের তালিকা প্রতি বছর আগস্ট মাসের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(চ) বিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদানকালে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা বিদ্যালয়টির আবশ্যকীয় কাজ যথাসম্ভব সম্পন্ন হয় এবং বিদ্যালয় ব্যবহার-উপযোগী হয়।

(ছ) প্রতি অর্থ বছরের জন্য ইতোপূর্বে জরিপকৃত বিদ্যালয়ের তালিকা হতে বিদ্যালয় নির্বাচন করা হবে এবং উক্ত বিদ্যালয়ের মেরামত কাজ সম্পন্ন করা হবে। এছাড়াও বিভিন্ন উপজেলায় যদি কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় জরুরী মেরামতের প্রয়োজন হয় তবে উপজেলা শিক্ষা/মহানগর শিক্ষা কমিটি অনুচ্ছেদ ১-এর 'ক' হতে 'চ' অনুসরণপূর্বক বিদ্যালয়ের তালিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতি অর্থ বছর ডিসেম্বরের এর মধ্যে প্রেরণ করবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে উক্ত মেরামত কাজ সম্পন্ন করবে।

(জ) ২০১২-১৩ অর্থ বছরের পরবর্তী সময়ে বিদ্যালয় নির্বাচনের ক্ষেত্রে অনুচ্ছেদ ১-এর 'ক' হতে 'চ' প্রযোজ্য হবে।

০২/০৬/১৫
মোঃ জালাল হাবিবুর রহমান
সহকারী প্রধান
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২। সংস্কার/মেরামত কাজ বাস্তবায়নের পদ্ধতি:

(ক) সংশ্লিষ্ট বিদ্যালয় ম্যানেজিং কমিটি সংস্কার/মেরামত কাজ সম্পন্ন করবে। অর্থাৎ ম্যানেজিং কমিটি বিবেচ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটি হিসাবে দায়িত্ব পালন করবে এবং ম্যানেজিং কমিটি মেরামত কাজের বাস্তব অগ্রগতি সম্পর্কে উপজেলা শিক্ষা কমিটি/মহানগর শিক্ষা কমিটির নিকট জবাবদিহি করবে।

(খ) সংস্কার/মেরামতের জন্য বরাদ্দপ্রাপ্তির ৩(তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ের দর্শনীয় স্থানে ৪ ফুট X ৬ ফুট মাপের একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে। সাইনবোর্ডে নিম্নোক্ত তথ্য সন্নিবেশিত থাকবে:

বিদ্যালয়ের নাম :
সংস্কার/মেরামতের ধরণ :
বরাদ্দকৃত অর্থের পরিমাণ :
বরাদ্দ প্রাপ্তির তারিখ :
কাজ শুরুর তারিখ :
কাজ সমাপ্তির তারিখ :
সভাপতি ও সদস্য-সচিবের নাম :

(গ) সংস্কার ও মেরামতের কাজে পিটিএকে সংশ্লিষ্ট করতে হবে। এসএমসি ও পিটিএ-এর যৌথ সভায় এ সংক্রান্ত তথ্য সকলকে জানাতে হবে এবং সংস্কার/মেরামত কাজ শেষে পিটিএ-এর সদস্যদের নিকট হতে সংস্কার/মেরামত কাজ যথাযথ ভাবে সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র নিতে হবে।

(ঘ) উপজেলা শিক্ষা কমিটি/মহানগর শিক্ষা কমিটির সদস্যবৃন্দ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মেরামত/সংস্কার কাজ পরিদর্শন/তত্ত্বাবধান করবেন।

(ঙ) উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট এলজিইডি প্রকৌশলী মেরামত/সংস্কার কাজে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানসহ নিয়মিত তত্ত্বাবধান করবেন।

(চ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কার্যাবলী তদারকি ও সমন্বয়ের সার্বিক দায়-দায়িত্ব পালন করবে।

(ছ) মেরামত ও সংস্কার কাজ শেষে উপজেলা/থানা ভিত্তিক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন (কাজের মান উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

(জ) সংস্কার কাজে কোন ত্রুটি পরিলক্ষিত হলে বিদ্যালয় ম্যানেজিং কমিটি তা সংশোধন করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয়ের এসএমসি'র সভাপতি ও প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে বিদ্যালয় মেরামত ও সংস্কার কাজের ত্রুটি বিচ্যুতির জন্য দায়ী থাকবেন।

(ঝ) সংস্কার/মেরামত কাজের বিষয়ে বিদ্যালয়ের এসএমসি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জবাবদিহি করবে।

৩। ব্যয়ের পদ্ধতি:

(ক) যে সকল উপজেলা/থানায় প্রাথমিক বিদ্যালয় ভবন মেরামত/সংস্কার করা হবে সে সকল উপজেলা/থানায় বিদ্যালয়সমূহের বিপরীতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তার অনকূলে বরাদ্দপত্র জারি করা হবে।

মোঃ জালাল হাবিবুর রহমান
সহকারী প্রধান
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা এ খাতের অর্থ উত্তোলনের তথা আয়ন-ব্যয়ন কর্মকর্তার ক্ষমতাপ্রাপ্ত হবেন। বরাদ্দকৃত অর্থের সীমার মধ্যে মেরামত কাজ সম্পন্ন করে সরকারী হিসাব অফিসে বিল দাখিলপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। বিদ্যমান আর্থিক বিধি অনুযায়ী কোন প্রকার অগ্রিম উত্তোলন করার সুযোগ নেই। এক্ষেত্রে উপজেলা শিক্ষা কমিটি/মহানগর শিক্ষা কমিটির প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।

(গ) বিদ্যালয় ম্যানেজিং কমিটি উক্ত অর্থ ব্যয় করে ব্যয়ের সমর্থনে বিল/ভাউচার ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট এলজিইডির প্রকৌশলীর এর নিকট প্রেরণ করবেন। সংশ্লিষ্ট প্রকৌশলী বিদ্যালয় পরিদর্শন করে মেরামত কাজ সম্পর্কে তাঁর মতামত প্রদান করবেন। উক্ত প্রতিবেদন উপজেলা শিক্ষা কমিটি/মহানগর শিক্ষা কমিটির সভায় উপস্থাপিত হবে এবং উপস্থাপিত বিদ্যালয় মেরামত ও সংস্কার কাজের প্রতিবেদন সন্তোষজনক হলে উপজেলা শিক্ষা কমিটি/মহানগর শিক্ষা কমিটি সংশ্লিষ্ট বিদ্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত অর্থ প্রদানের বিল প্রস্তুতের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ প্রদান করবে। সে অনুযায়ী উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা বিল প্রস্তুতপূর্বক উপজেলা/থানা হিসাবরক্ষণ অফিসার বরাবর প্রেরণ করবে।

৪। হিসাব সংরক্ষণঃ

(ক) উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা বরাদ্দকৃত অর্থের বিল সংরক্ষণসহ যাবতীয় দায়-দায়িত্ব পালন করবে।

(খ) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেরামত/সংস্কার কাজের জন্য ক্যাশ বহি, মাস্টার রোল এবং বিল ভাউচার এর এক কপি নিজ অফিসে সংরক্ষণ করবেন। এছাড়া বিল ভাউচারের মূল কপিসহ অনুরূপ কাগজপত্র তাঁকে উপজেলা শিক্ষা অফিসার/থানা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করতে হবে।

(গ) উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা বিদ্যালয় মেরামত ও সংস্কার কাজের হিসাব, ভাউচারাদি ও এতদ্‌সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদি নিরীক্ষার প্রয়োজনে সংরক্ষণ করবেন।

(ঘ) সংশ্লিষ্ট অর্থ বৎসরের মধ্যেই বরাদ্দকৃত বিদ্যালয়সমূহের মেরামত ও সংস্কার কাজ সমাপ্ত করতে হবে। উপজেলা শিক্ষা কর্মকর্তা/থানা শিক্ষা কর্মকর্তা বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পৌছানো নিশ্চিত করবেন।

৫। এ নীতিমালা জনস্বার্থে জারি করা হ'ল।

০৫/০৬/১৪
মোঃ জালাল হাবিবুর রহমান
সহকারী প্রধান
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার